

তারিখ: ১০ নভেম্বর, ২০২২খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১০/১১/২০২২ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উম্মে সালিক রুমাইয়া এর নেতৃত্বে "মুন্সিগঞ্জ জেলায়" মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।


অভিযানের শুরুতে "Dhali's Amber Nivaas Resort" সিরাজদিখান, এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের ড্রেড লাইসেন্স, রেস্তোরাঁ নিবন্ধন সনদ, ফায়ার লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ এবং পেস্ট-কন্ট্রোল প্রদর্শনে ব্যর্থ হয়। ফ্রিজে প্রচুর পরিমাণে লেবেলহীন খাদ্য পন্যে সংরক্ষণ করতে দেখা যায়। এ সকল অপরাধে "Dhali's Amber Nivaas Resort" কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) অর্থদণ্ড প্রদান অনাদায়ে জেনারেল ম্যানেজারকে ৩ মাসের বিনাপ্রম কারাদণ্ড প্রদান করা হয় এবং তাৎক্ষণিক অর্থদণ্ড আদায় করা হয়।

যথাক্রমে শিমুলিয়া ঘাট, লৌহগঞ্জ এর "শখের হাড়ি রেস্তোরাঁ" পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রতিষ্ঠানটি তাদের ড্রেড লাইসেন্স, রেস্তোরাঁ নিবন্ধন সনদ, ফায়ার লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ এবং পেস্ট-কন্ট্রোল প্রদর্শনে ব্যর্থ হয়। "শখের হাড়ি রেস্তোরাঁ" কর্তৃপক্ষের রান্নাঘর এবং স্টোররুম খুবই অস্বাস্থ্যকর অবস্থায় পাওয়া যায়। ফ্রিজে প্রচুর পরিমাণে লেবেলহীন খাদ্য পন্যে সংরক্ষণ করতে দেখা যায়। "শখের হাড়ি রেস্তোরাঁ" কর্তৃপক্ষের দ্বায়িত্ববান কোন ব্যক্তিকে পাওয়া যায় নি তাই এ সকল অপরাধে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়।

অভিযানটি যথাক্রমে পুরানো ফেরি ঘাট, লৌহগঞ্জ এলাকার মাওয়া রিসোর্ট এর "East West Restaurant" এ পরিচালনা করা হয়। অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের কাগজপত্র প্রদর্শন করতে সক্ষম হয় এবং রান্নাঘরের পরিবেশও তুলনামূলক বেশ ভালো পাওয়া যায়। নিরাপদ খাদ্য আইনবিরোধী কোন কার্যক্রম পরিলক্ষিত হয়নি।

অভিযান পরিচালনাকালে সকল প্রতিষ্ঠান কর্তৃপক্ষগুলোকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য অফিসার জনাব জুয়েল মিয়া, জেলা সেনিটারি ইন্সপেক্টর ও দ্বায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শক গাজী মোহাম্মদ আমীন এবং বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ ও মুন্সিগঞ্জ পুলিশ সুপার কার্যালয় সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২৩৪৮১

বিভরণঃ

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অফিস কপি।